

## পরীক্ষা নিয়ন্ত্রক দফতর

www.iau.edu.bd  
iau.exam@gmail.com



## ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

বাড়ি নং-১২৪/২২বি, ব্লক-এ, সড়ক নং-০৩  
ওয়েস্ট ধানমন্ডি, বিছিলা, মোহাম্মদপুর ঢাকা-১২০৭।

স্মারক নং- ইআবি/পনি./কা.পরীক্ষা/২০১৬/৪৬৩

তারিখঃ ০৮ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ  
২২ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ

### কামিল ১ম পর্ব পরীক্ষা-২০১৬

#### পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তার প্রতি নির্দেশনা

- ১। নির্দিষ্ট সময়সূচি অনুযায়ী পরীক্ষা শুরুর ৩০ মিঃ পূর্বে সংশ্লিষ্ট ট্রেজারী/থানা হতে প্রশ্নপত্র সংগ্রহ করতে হবে।  
সময়সূচি অনুযায়ী সঠিক বিষয় ও পত্রের প্রশ্ন ঠিক আছে কিনা নিশ্চিত হয়ে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে।
- ২। ১০০ নম্বর পরীক্ষার সময় হবে ৪.০০ ঘণ্টা।
- ৩। পরীক্ষার কক্ষে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী প্রয়োজনীয় সংখ্যক ইনভিজিলেটর নিয়োগ করতে হবে।  
বিশ্ববিদ্যালয় হতে এই পরীক্ষার জন্য সরবরাহ করা মূল/অতিরিক্ত উত্তরপত্র ছাড়া অন্য কোন উত্তরপত্র ব্যবহার করা যাবে না। অন্য কোন মূল/অতিরিক্ত উত্তরপত্র ব্যবহার করা হলে এই পরীক্ষা বাতিল হয়ে যাবে।
- ৪। পরীক্ষা কাজে ব্যবহৃত বিভিন্ন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iau.edu.bd থেকে ডাউনলোড করে ব্যবহার করতে হবে।
- ৫। পরীক্ষার্থীদের আসন বিন্যাস বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী (প্রতি বেঞ্চে ২ জন) বসতে হবে।
- ৬। হাজিরাপত্র পূরণ, প্রস্তুত ও প্রেরণ :  
বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত পরীক্ষার্থীদের বিবরণী অনুযায়ী সকল পরীক্ষার্থীদের হাজিরাপত্র তৈরি করতে হবে  
এবং বিবরণীতে উল্লেখিত পরীক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, বিষয় ও পত্র কোড সঠিকভাবে লিখতে  
হবে। পরীক্ষার সময়সূচি অনুযায়ী বিষয়, পত্র ও অন্যান্য কোড মিলিয়ে OMR এর ক্রমিক নং যথাযথভাবে  
লিখেছে কিনা তা যাচাই করে রেজিস্ট্রেশন কার্ডের ছবির সাথে পরীক্ষার্থীর চেহারার মিল আছে কি না তা যাচাই  
করে হাজিরাপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন। পরীক্ষার্থী OMR ফরমে তার রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষা  
কোড, প্রশ্নকোড ও বিষয় কোড যথাযথভাবে লিখেছে কি না এবং সঠিকভাবে বৃত্ত ভরাট করেছে কি না তা যাচাই  
করে কক্ষ পরিদর্শক উত্তরপত্রে তাঁর জন্য নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন। কোন অবস্থাতেই একজন পরীক্ষার্থীর  
জন্য একাধিক হাজিরা শীট তৈরী করা যাবে না। সকল পরীক্ষা শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে হাজিরাপত্র  
বই আকারে বাইডিং করে এক কপি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা শাখায় জমা দিতে হবে এবং হাজিরাপত্রে  
ফটোকপি এককপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে। বহিস্তুত পরীক্ষার্থীর হাজিরাপত্রে লালকালিতে “বহিস্তুত” শব্দ  
লিখতে হবে। অনুপস্থিত পরীক্ষার্থী যে বিষয় ও পত্রে অনুপস্থিত থাকবে সে বিষয় ও পত্রে লাল  
কালিতে “অনুপস্থিত” লিখে কক্ষ পরিদর্শক স্বাক্ষর করবেন।
- ৭। হাজিরাপত্রে OMR শীটের ক্রমিক নম্বর ভুল লিখলে ঐ পরীক্ষা বাতিল হয়ে যাবে।
- ৮। OMR ফরম ছেঁড়া, প্যাকেট প্রস্তুত ও প্রেরণ :  
উত্তরপত্রের কভার পৃষ্ঠা অর্থাৎ OMR ফরমের প্রথম অংশসমূহ পরীক্ষা শেষে খুব সাবধানতার সাথে সঠিকভাবে  
বিচ্ছিন্ন করতে হবে। প্রতি বিষয় ও পত্রের উত্তরপত্রের কভার পৃষ্ঠার ছেঁড়া অংশ অনুর্ধ্ব ২০০ (দু'শত) টি করে  
রেজিস্ট্রেশন নম্বরের ক্রমানুযায়ী সাজিয়ে করোগেটেড বৰু ব্যবহার করে প্যাকেট করতে হবে। তৈরীকৃত প্যাকেট  
পলিথিন শীট দিয়ে মুড়িয়ে হলুদ মার্কিন কাপড় দিয়ে চূড়ান্ত প্যাকেট তৈরী করে গালাসীল করে পরীক্ষা নিয়ন্ত্রক,  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বিছিলা, মোহাম্মদপুর,  
ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে এনসিওরড (Ensured) পার্সেলে প্রেরণ করতে হবে। রেজিস্ট্রেশন নম্বর  
অঞ্চল বিষয় কোড লিখতে ভুল হলে তা একটানে কেটে সঠিকভাবে লিখতে হবে। বৃত্ত ভরাটে ভুল হলে তা  
ইরেজার দ্বারা ঘষা মাজা না করে, ব্রেড দ্বারা না মুছে বা সাদা ফুইড না লাগিয়ে সঠিকভাবে ভরাট করতে হবে।  
এরূপ ক্ষেত্রে একই সারিতে একাধিক ভরাট থাকতে পারে। উল্লেখ্য ভুলকৃত OMR গুলো আলাদাভাবে  
সাজানো বা আলাদাভাবে প্যাকেট করার প্রয়োজন নেই।
- ৯। উত্তরপত্রের বাণ্ডেল (Bundle) প্রস্তুত ও প্রেরণ :  
ক। তত্ত্বীয় পরীক্ষার মূল উত্তরপত্র বিষয় ও পত্রওয়ারী পৃথক পৃথকভাবে অনধিক ৫০ (পঞ্চাশ) টি করে সাজিয়ে তা  
২টি করে করোগেটেড শীটের (একটি নিচে অপরটি উপরে) ভিতরে রাখতে হবে। অতঃপর প্রতিটি বাণ্ডেলের  
জন্য একটি করে বাণ্ডেল লেবেল প্রস্তুত করে বাণ্ডেলের উপরে করোগেটেড শীটে আঠা দিয়ে বাণ্ডেল লেবেল  
লাগিয়ে বাণ্ডেলটি শক্ত সুতলী দিয়ে বেঁধে উত্তরপত্রের বাণ্ডেল তৈরী করতে হবে। তারপর বাণ্ডেল/বাণ্ডেলসমূহ  
একত্রে পলিথিন শীট দিয়ে মুড়িয়ে হলুদ মার্কিন কাপড় দিয়ে চূড়ান্ত প্যাকেট তৈরী করে সীলগালা করতে হবে।

প্রতিটি প্যাকেটের বহিরাবরণে সুস্পষ্টভাবে অবশ্যই পরীক্ষা কোড..... বিষয় কোড..... ও  
প্রশ্নকোড.....কামিল ১ম পর্ব পরীক্ষা উল্লেখ করতে হবে। বাস্তেলে বিষয়, বিষয় কোড এবং উত্তরপত্রের  
সংখ্যায় কোন গরমিল পাওয়া গেলে কেন্দ্রের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

- খ। প্রতি বিষয় ও প্রতি পত্রের পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে উত্তরপত্রের বাস্তেলের কাজ সম্পন্ন করে ঐদিনই  
উত্তরপত্রের প্যাকেট পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩,  
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে এনসিওরড (Ensured) পার্সেলে  
পাঠাতে হবে। উত্তরপত্র ও OMR প্রেরণের ডাক রশিদ অবশ্যই কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা সংরক্ষণ করবেন।  
বাংলাদেশ রেলওয়ে, স্টিমার বা কুরিয়ার যোগে উত্তরপত্র প্রেরণ করা যাবে না। সাংগঠিক ছুটির দিন ও অফিস  
ছুটির পরে পোস্ট অফিস খোলা রাখার জন্য ডাক বিভাগের মহাপরিচালককে অনুরোধ জানানো হয়েছে। সংশ্লিষ্ট  
কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে স্থানীয় পোস্ট মাস্টারের সাথে যোগাযোগ করে পরীক্ষার উত্তরপত্র গ্রহণের জন্য  
অফিস সময়ের পর বা ছুটির দিনে বিশেষ ব্যবস্থায় পোস্ট অফিস খোলা রাখার ব্যবস্থা নিতে হবে। কোন কারণে  
উত্তরপত্র পরীক্ষা গ্রহণের দিন পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট পাঠানো সম্ভব না হলে নিয়মানুযায়ী থানা/ট্রেজারীতে  
সংরক্ষণ করতে হবে। কোন অবস্থাতেই কেন্দ্রে রাখা যাবে না।
- গ)। বহিঃকৃত উত্তরপত্র আলাদাভাবে করোগেটেড শীট ও সাদা কাপড় দিয়ে মুড়িয়ে সীলগালা করে পরীক্ষা নিয়ন্ত্রক,  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর,  
ঢাকা-১২০৭ ঠিকানায় প্রেরণ করতে হবে। প্যাকেটের উপর লাল কালি দিয়ে “বহিঃকৃত” শব্দটি লিখতে হবে।
- ১০। টপশীট প্রস্তুত ও সংরক্ষণ :

- প্রতিদিনের পরীক্ষায় উপস্থিত, অনুপস্থিত ও বহিঃকৃত পরীক্ষার্থীদের বিবরণ উল্লেখ পূর্বক এক কপি টপশীট তৈরী  
করে তা কেন্দ্রে সীলগালা অবস্থায় (পরীক্ষার ফলাফল প্রকাশ হওয়ার পর এক বৎসর পর্যন্ত) সংরক্ষণ করতে  
হবে। বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ যে কোন সময় তা যাচাইয়ের জন্য চাইতে করতে পারবে। টপশীটের কপি  
উত্তরপত্রের বাস্তেলের ভিতর অথবা পরীক্ষা নিয়ন্ত্রক বা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে প্রেরণের প্রয়োজন নেই।
- ১১। পরীক্ষার কক্ষে কোন পরীক্ষার্থী যেন মোবাইল ফোন বা অন্য কোন ইলেক্ট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করতে না  
পারে এ বিষয়টি নিশ্চিত করতে হবে। পরীক্ষা কক্ষে মোবাইল নিয়ে প্রবেশ করলে তার পরীক্ষা বাতিল হবে মর্মে  
সংশ্লিষ্টদের জানিয়ে দিয়ে তদনুযায়ী ব্যবস্থা নিতে হবে।
- ১২। স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতা নিয়ে নকলমুক্ত ও সুন্দর পরিবেশে পরীক্ষানুষ্ঠানের প্রয়োজনীয়  
ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১৩। কামিল ১ম পর্ব পরীক্ষা-২০১৬ সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iau.edu.bd থেকে  
সংগ্রহ করে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা সকল পরীক্ষার্থী ও অভিভাবককে অবহিত করবেন। পত্র মারফত কোন  
তথ্য জানানো হবে না। তাই পরীক্ষা চলাকালীন সময়ে প্রতিদিন অন্তত ০৩ বার করে (সকাল, দুপুর ও বিকাল)  
ওয়েবসাইট দেখার জন্য অনুরোধ করা হলো।
- ১৪। কামিল ১ম পর্ব পরীক্ষা-২০১৬ সংক্রান্ত জরুরী তথ্য জেলা প্রশাসককে ফ্যাক্স বার্তা মারফত জানানো হবে।  
সকল মাদরাসা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রয়োজনে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ  
রাখার জন্য অনুরোধ করা হলো।
- ১৫। পরীক্ষার প্রকাশিত সময়সূচি অনুযায়ী সকল তত্ত্বায় পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত প্রশ্নপত্রের ট্রাঙ্ক ট্রেজারী/থানা  
হতে বের করা যাবে না। পরীক্ষা শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে ট্রাঙ্ক (পরীক্ষার সাদা মূল উত্তরপত্র ও  
অতিরিক্ত উত্তরপত্র, হাজিরাপত্রসহ উত্তুও অন্যান্য মালামাল) বিশ্ববিদ্যালয়ের বছিলা, মোহাম্মদপুর অফিসে জমা  
দিতে হবে। উত্তরপত্র এবং অন্যান্য মালামালের যথাযথ হিসাব প্রদানে ব্যর্থ হলে কেন্দ্র বাতিলসহ শাস্তিমূলক  
ব্যবস্থা গ্রহণ করা হবে।

পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

মোবাইল নম্বর- ০১৭০৯৩৮৯০০৬

১২২.৩.২০১৭